


## চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ৪৭ তারিখঃ ১৯ আগস্ট ২০১৭ শনিবার

### চিকুনগুনিয়া সর্বশেষ পরিস্থিতি

- আইইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে গত ৬ জুলাই থেকে ১ ৯ আগস্ট বিকেল ৫ টা পর্যন্ত মোট ৪২৮৭ জন কল করেছেন
  - এর মধ্যে সম্ভাব্য রোগী ১৭৪৯ জন
  - পুরোনো রোগী ১৭৬৩ জন
  - অবশিষ্ট ৭৭৫ জন ফোনকলকারীগণ চিকুনগুনিয়া সম্পর্কিত বিভিন্ন তথ্য জানতে চেয়েছেন



স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন "স্বাস্থ্য বাতায়ন"-এ (ফোন নং ১৬২৬৩) ১৩ জুলাই থেকে ১৫ আগস্ট পর্যন্ত মোট ফোনকল এসেছে ৮৯,৬৬৮টি। এর মধ্যে চিকুনগুনিয়া সংক্রান্ত কল এসেছে ৮,৫৬৯টি (মোট কলের ৯.৫৬%)। মোট ফোনকলের মধ্যে ফোনকলের সময় চিকুনগুনিয়াতে ভুগেছেন ৭,৮৭১ জন (চিকুনগুনিয়া সংক্রান্ত কলের ৯১.৮৫%), চিকুনগুনিয়া পরবর্তী গিরা ব্যথায় ভুগছিলেন ৬৬৮ জন (চিকুনগুনিয়া সংক্রান্ত কলের ৭.৮০%)।

### চিকুনগুনিয়া সংক্রান্ত গবেষণা

আইইডিসিআর এবং আইসিডিডিআর'বি-র যৌথ উদ্যোগে ২০১৭ সালে ঢাকা শহরে চিকুনগুনিয়া প্রাদুর্ভাবের প্রভাব বিষয়ে একটি গবেষণা কার্যক্রম পরিচালনা করতে যাচ্ছে। গবেষণার শিরোনাম - "২০১৭ সালে ঢাকা শহরে চিকুনগুনিয়া প্রাদুর্ভাবের প্রভাব অনুসন্ধান" (Investigating the Impact of Chikungunya Outbreak in Dhaka, 2017)

### গবেষণার উদ্দেশ্যঃ

- ঢাকা মহানগরীর বাসিন্দাদের মধ্যে যারা সাম্প্রতিক চিকুনগুনিয়া ভাইরাসে আক্রান্ত হয়েছে ন তাদের রক্তের সিরাম ইমিউনোগ্লোবুলিন এম (IgM) এর উপস্থিতির ভিত্তিতে কত ভাগ মানুষ আক্রান্ত হয়েছে তার হিসাব করা।
- চিকুনগুনিয়া ভাইরাস সংক্রমণের সাথে যুক্ত ব্যক্তি এবং পরিবারের ঝুঁকি সম্পর্কিত বিষয়গুলি চিহ্নিত করা।

### পদ্ধতিঃ

দৈব চয়নের ভিত্তিতে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের ১০ টি অঞ্চল হতে ১০ টি ওয়ার্ড বাছাই করা হবে এবং বাছাইকৃত ওয়ার্ডগুলির সমস্ত মহল্লা/পাড়ার ৪৫৩৬ টি পরিবারকে নির্বাচিত করা হবে। প্রতিটি পরিবারের মধ্যে একটি পরিবারকে প্রস্তাবলী এবং সন্দেহভাজন চিকুনগুনিয়া রোগীর জন্য রোগশয্যা চিকিৎসা বিষয়ক/ক্লিনিকাল প্রস্তাবলী দেয়া হবে। বর্তমানে আক্রান্ত সন্দেহভাজন রোগীর (সন্দেহভাজন ক্ষেত্রে শুরু থেকে ৫ দিন পর্যন্ত অসুস্থ থাকা রোগীর ক্ষেত্রে) এবং দৈব চয়নের ভিত্তিতে প্রতিটি পরিবারের একজন ব্যক্তি থেকে রক্তের নমুনা সংগ্রহ করা হবে। আইইডিসিআর ল্যাবরেটরিতে বর্তমানে আক্রান্ত রোগীর (শুরু থেকে ৫ দিনের মধ্যে আক্রান্ত) পিসিআর পরীক্ষা করা হবে। অন্যান্য সন্দেহভাজন রোগী এবং উপসর্গ বিহীন প্রত্যেকের ক্ষেত্রে রক্তের নমুনা সংগ্রহ করে এলাইজা (ELISA) পদ্ধতির দ্বারা ইমিউনোগ্লোবুলিন এম (IgM) পরীক্ষা করা হবে।



স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘণ্টা তথ্য পাবেন।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন

[www.iedcr.gov.bd](http://www.iedcr.gov.bd) অথবা হটলাইনঃ ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন